

১৪০০ বিদেশী ছাত্র বহিষ্কারের সিদ্ধান্তে পাকিস্তানের মাদ্রাসাগুলোতে ক্ষোভ

যুক্তরাষ্ট্র পাকিস্তানের কাছে এফ-১৬ বিমান বিক্রি অনুমোদন করায়
ভারতের উদ্বেগ প্রকাশ □ চশ জঙ্গি গ্রেপ্তার □ গির্জায় হামলা

পাকিস্তানের বিভিন্ন মাদ্রাসা এবং ধর্মীয় শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত বিদেশী শিক্ষার্থীরা তাদের বহিষ্কারের সিদ্ধান্তে তীব্র ক্ষোভ প্রকাশ করেছে। এর আগে গত তুরস্ক দেশটির প্রেসিডেন্ট জেনারেল পারচেজ মুশাররফ রাওয়ালপিন্ডিতে বিদেশী সাংবাদিকদের জানান, পাকিস্তানের মাদ্রাসা এবং ধর্মীয় শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত সকল বিদেশী শিক্ষার্থীকে অচিরেই দেশ থেকে বহিষ্কার করা হবে। এদিকে বৃশ প্রশাসন পাকিস্তানের কাছে দুটি মার্কিন এফ-১৬ জঙ্গি বিমান বিক্রি অনুমোদন করায় ভারত উদ্বেগ প্রকাশ করেছে। এএফপি, রয়টার্স, বিবিসি অনলাইন।



ভাস শেষে বেহিমে আসছেন জামিয়া বাবুরিয়া মাদ্রাসার বিদেশী ছাত্ররা

এপি

বেসরকারি হিসেবে পাকিস্তানের বিভিন্ন মাদ্রাসা এবং ধর্মীয় শিক্ষা প্রতিষ্ঠানে প্রায় ১ হাজার ৪০০ বিদেশী শিক্ষার্থী রয়েছে। পাকিস্তান সরকার গত তুরস্কের মাদ্রাসাগুলো থেকে বিদেশী শিক্ষার্থীদের বহিষ্কারের ঘোষণা দেওয়ার পর বিবিসির লাহোর সংবাদদাতা স্থানীয় কয়েকটি মাদ্রাসা পরিদর্শন করেন। এ সময় বিদেশী শিক্ষার্থীদের অত্যন্ত বিমর্ষ এবং দুঃখিতমুগ্ধ দেখা যায়। নাম প্রকাশে অনিচ্ছুক অনেক বিদেশী শিক্ষার্থী এ সময় ক্ষোভ প্রকাশ করে বলেন, তারা ধর্মীয় শিক্ষায় শিক্ষিত হতে

পাকিস্তানে এসেছেন, সন্ত্রাসবাদের প্রশিক্ষণ গ্রহণের জন্য নয়। অন্যদিকে আরো কয়েকজন বিদেশী শিক্ষার্থী হতাশা ব্যক্ত করে বলেছেন, প্রেসিডেন্ট মুশাররফের ঘোষণায় তারা যতোটা ক্ষুব্ধ হয়েছেন, তার চেয়ে বেশি মর্মান্বিত হয়েছেন। লেখাপড়া শেষ না করেই তাদের দেশে ফিরে যেতে হবে।

এদিকে পাকিস্তানের দ্য নিউজ সংবাদপত্র জানিয়েছে, দেশটিতে বর্তমানে প্রায় ১৭ লাখ শিক্ষার্থী মাদ্রাসাগুলোতে লেখাপড়া করছে। অধিকাংশ শিক্ষার্থীর পরিবারের অর্থনৈতিক অবস্থা অত্যন্ত শোচনীয়। মুশাররফের সন্ত্রাসবিরোধী যুদ্ধের খড়গ এবার তাদের কাছে পড়ছে বলে পরিক্রান্তি জানায়।

এদিকে প্রেসিডেন্ট মুশাররফ গত তুরস্কের বিদেশী সংবাদ মাধ্যমগুলোর সাংবাদিকদের জানান, মাদ্রাসাগুলোতে অধ্যয়নরত সকল বিদেশী শিক্ষার্থীকে পাকিস্তান ছাড়তে হবে। তাদের সৈত নাগরিকত্ব থাকলেও তারা এ দেশে থাকতে পারবে না। আগামী কয়েকদিনের মধ্যে এ বিষয়ে একটি অর্ডিন্যান্স জারি করা হবে বলেও তিনি জানান। তিনি আরো বলেন, লন্ডনে বোমা হামলার পর থেকে পাকিস্তানে এ পর্যন্ত ৮০০ জন গ্রেপ্তার করা হলেও ঐ হামলার সঙ্গে সরাসরি জড়িত এমন কোনো ব্যক্তিকে তারা এখনো গ্রেপ্তার করতে পারেননি। তবে দেশজুড়ে জঙ্গিবিরোধী অভিযানের

মাজা ভবিষ্যতে আরো বাড়বে বলে তিনি জানান। অন্যদিকে হোয়াইট হাউস মুখপাত্র স্কাট ম্যাক ক্লিভান জুনিয়রেন, মার্কিন প্রেসিডেন্ট জর্জ ডব্লিউ বৃশ গত বৃহস্পতিবার পাকিস্তানের প্রেসিডেন্ট জেনারেল মুশাররফের সঙ্গে টেলিফোনে কথা বলেছেন। এ সময় সন্ত্রাসবিরোধী যুদ্ধ নিয়ে তাদের আলোচনা হয় বলে তিনি জানান।

অন্যদিকে পাকিস্তান সেনাবাহিনীর মুখপাত্র জেনারেল শওকত সুলতান গত তুরস্কের রাতে জানান, তারা উত্তর-পশ্চিমাঞ্চলীয় ওয়াজিরিস্তানের একটি মাদ্রাসার অভিযান চালিয়ে বিশুল পরিমাণ অস্ত্র এবং বিশেষজ্ঞক উদ্ধার করেছে। এ সময় জঙ্গিদের সঙ্গে বন্দুকযুদ্ধে এক জঙ্গি নিহত হয়। নিরাপত্তা বাহিনীর সদস্যরা তিন জঙ্গিকে আটক করে বলে তিনি জানান।

এদিকে বৃশ প্রশাসন গত তুরস্কের পাকিস্তানের কাছে দুটি মার্কিন এফ-১৬ জঙ্গি বিমান বিক্রির প্রস্তাব অনুমোদন করেছে। তবে এ অনুমোদনে উদ্বেগ প্রকাশ করেছে ভারত।

অন্যদিকে দেশটির দক্ষিণ-পশ্চিমাঞ্চলীয় কোলহ জেলার পুলিশ কর্মকর্তা মোহাম্মদ খান জানান, গতকাল শনিবার সকালে অজ্ঞাত জঙ্গিরা স্থানীয় একটি গির্জায় হামলা চালিয়েছে। এতে তেউ হতাহত না হলেও গির্জাটির ব্যাপক ক্ষতি হয়।